

ডিপার্টমেন্ট অব কারেন্সি ম্যানেজমেন্ট এন্ড পেমেন্ট সিস্টেমস্

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

ডিসিএসপিএস সার্কুলার নং - ০৪/২০১০

এপ্রিল ০১, ২০১০
তারিখ : -----
চৈত্র ১৮, ১৪১৬

ব্যবস্থাপনা পরিচালক / প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

ঢাকা ক্লিয়ারিং হাউসে Non-MICR ইন্সট্রুমেন্ট গ্রহণ না করা প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ডিসিএমপিএস সার্কুলার নং - ০৩, ফেব্রুয়ারী ১১, ২০১০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলার দ্বারা সকল তফসিলী ব্যাংককে ৩১-০৩-২০১০ তারিখের মধ্যে তাদের স্ব স্ব গ্রাহকদের অনুকূলে MICR যুক্ত Standardized চেক বিতরণের কাজ সম্পন্ন করার নির্দেশনা দেওয়া হয় এবং ০১-০৪-২০১০ তারিখ হতে ঢাকা ক্লিয়ারিং হাউসে কোন Non-MICR ইন্সট্রুমেন্ট গ্রহণ করা হবে না মর্মে নির্দেশনা প্রদান করা হয়।

কিন্তু ঢাকা ক্লিয়ারিং হাউসের সর্বশেষ পরিসংখ্যান হতে দেখা যাচ্ছে যে, এখনো বিপুল পরিমাণে Non-MICR ইন্সট্রুমেন্ট ক্লিয়ারিং এর জন্য জমা পড়ছে। এমতাবস্থায়, জনস্বার্থে ঢাকা ক্লিয়ারিং হাউসে Non-MICR ইন্সট্রুমেন্ট গ্রহণ না করার বিষয়টি পুনঃ বিবেচনা করতঃ এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, বিশেষ বিবেচনায় আগামী ৩০-০৪-২০১০ তারিখ পর্যন্ত ঢাকা ক্লিয়ারিং হাউসে Non-MICR ইন্সট্রুমেন্ট গ্রহণ করা হবে এবং এ ধরনের Non-MICR ইন্সট্রুমেন্ট এর Issuing Bank বা Paying Bank কে প্রতিটি ইন্সট্রুমেন্ট এর জন্য ১০০.০০ (একশত টাকা) হারে প্রসেসিং ফি প্রদান করতে হবে। তবে সরকারী চেক/পেমেন্ট ইন্সট্রুমেন্ট এবং ফরেন টাকা ড্রাফট এর জন্য কোন প্রসেসিং ফি লাগবে না। এপ্রিল মাস সমাপনান্তে প্রতিটি ব্যাংকের নিকট হতে প্রসেসিং ফি বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংকের হিসাব হতে সংগ্রহ করা হবে। এতদ্ব্যতীত, উল্লেখিত সময়ের পরে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের নিকট রক্ষিত Post Dated Cheque (PDC) নিষ্পত্তির বিষয়ে যথাশীঘ্র প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে।

এমতাবস্থায়, ক্লিয়ারিং হাউসে অংশগ্রহণকারী সকল ব্যাংক-কে MICR Encoded Standardized পেমেন্ট ইন্সট্রুমেন্ট বিতরণ সম্পন্ন করে যথাসময়ে বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউসে অংশগ্রহণের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত

(চৌধুরী মহিদুল হক)

নির্বাহী পরিচালক

ও

প্রকল্প পরিচালক, আরপিপি প্রকল্প

ফোন : ৯১২০১০৯